



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd




তারিখঃ ০৫ এপ্রিল ২০২২
২২ চৈত্র ১৪২৮

প্রেস রিলিজ

ভোজ্য তেলের কারসাজি ঠেকাতে এবং অস্বাভাবিক মূল্য বৃদ্ধিতে উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় আজ ০৫ এপ্রিল ২০২২ খি: রোজ মঙ্গলবার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক গঠিত অনুসন্ধান দল নারায়নগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার মেঘনাঘাটস্থ মেঘনা এডিবল অয়েল রিফাইনারি লিমিটেডে তথ্য-উপাত্ত অনুসন্ধানের উদ্দেশ্যে গমন করে।

অনুসন্ধানকালে পরিশোধিত ও অপরিশোধিত সয়াবিন ও পাম অয়েলের উৎপাদন, আমদানি, সরবরাহ চেইন, বর্তমান স্থিতি এবং ডেলিভারি অর্ডার সংক্রান্ত তথ্য সংগ্রহ করে অনুসন্ধান দল। এ সময় মেঘনা এডিবল অয়েল রিফাইনারি লিমিটেড কর্তৃপক্ষ তাদের দৈনিক উৎপাদন ২৪০০ মে.টন, মাসিক উৎপাদন ৭২০০০ মে.টন, পরিশোধিত ও অপরিশোধিত সয়াবিন তেলের মজুদের পরিমাণ যথাক্রমে ৬২০১ মে.টন ও ৮৬৯৩ মে.টন এবং পরিশোধিত ও অপরিশোধিত পাম অয়েলের মজুদ যথাক্রমে ৯৬৬৬ মে. টন ও ২৮৩৬৫ মে. টন রয়েছে বলে অনুসন্ধান দলকে অবহিত করেন।

এছাড়াও সয়াবিন তেল বীজ ৩৫৭৩৭ মে. টন মজুদ রয়েছে বলেও উল্লেখ করেন। আজ সয়াবিন ও পাম অয়েলের সাপ্লাই অর্ডার (এস ও) যথাক্রমে ৭২৫.৪ মে.টন ও ৩১২.৪৮ মে.টন বলেও তথ্য প্রদান করেন।


(শেখ-রুবেল)

জনসংযোগ কর্মকর্তা
টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২
ই-মেইল : shekhruheldu@gmail.com